

পশ্চিমবঙ্গ সরকার  
কৃষি বিভাগ  
উপকৃষি অধিকর্তা (প্রশাসন) এর করণ  
হাকিমপাড়া, জলপাইগুড়ি জিলা।  
বিজ্ঞপ্তি

কৃষি বিভাগ পশ্চিমবঙ্গ সরকার এর আদেশনামা নং--408-AG/CO-ordn./O-5A-01/2015 তারিখ ২৮ শে মে ২০১৮ এবং নং - 1181- AG/CO-ordn./O-5A-01/2015 তারিখ- ২৮ শে আগস্ট ২০১৮ অনুসারে কৃষিবিভাগ জলপাইগুড়ি জেলা 'কৃষক বার্ষিক্য ভাতা' প্রদানের জন্য ব্লক ভিত্তিক সম্ভাব্য নতুন প্রাপকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করছে।

নিম্নলিখিত শর্তগুলি পূরণ সাপেক্ষে যোগ্য ব্যক্তিগণ আবেদন করতে পারেন:-

- ক) ০১/০৭/২০১৮ তারিখে বয়স ন্যূনতম ৬০ বছর। অন্যভাবে সক্ষম (Physically challenged ) দের ক্ষেত্রে ৫৫ বছর পূর্ণ হতে হবে।
- খ) আবেদনকারীকে অবশ্যই ভারতের নাগরিক হতে হবে এবং কমপক্ষে ১০ বছর জলপাইগুড়ি জেলার বাসিন্দা হতে হবে।
- গ) কৃষক হলে সর্বাধিক ১ একর জমির মালিক বা বর্গাদার হলে সর্বাধিক ২ একর জমি চাষ করতেন বা ভূমিহীন ক্ষেত মজুর।
- ঘ) জীবন ধারণের জন্য কোনরকম সংস্থান নেই কিংবা নিকটাত্মীয় কেউ দেখভাল করেন না।
- ঙ) রাজ্য সরকার অথবা কেন্দ্রীয় সরকার অথবা তাদের দ্বারা পরিচালিত/ পোষিত কোনো সংস্থা থেকে কোনো প্রকার ভাতা বা আর্থিক সাহায্য পান না।
- আবেদনপত্র জমা দেবার শুরুর তারিখ : ০৬-০৯-২০১৮ ইং
- আবেদনপত্র জমা দেবার শেষ তারিখ : ২০-০৯-২০১৮ ইং
- আবেদনপত্র জমা দেবার স্থান : স্থানীয় ব্লকের সহকারী কৃষি অধিকর্তার অফিস।

আবেদনপত্র প্রাপ্তির স্থান : [www.matirkatha.gov.in](http://www.matirkatha.gov.in) এই ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে। এছাড়া ও স্থানীয় ব্লকের সহকারী কৃষি অধিকর্তা / মহকুমার সহকারী কৃষি অধিকর্তা ( প্রশাসন) / জেলার উপ কৃষি অধিকর্তা ( প্রশাসন) এর অফিস থেকে বিনামূল্যে পাওয়া যাবে। পরিষ্কার হাতের লেখায় নির্দিষ্ট ফরমাটে সাদা কাগজে লিখেও জমা দেওয়া যাবে।

এ বিষয়ে বিশদে জানতে উপরিলিখিত তিনটি অফিসের যে কোনো অফিসে যোগাযোগ করতে পারেন।

বর্তমান অবস্থার পরিশ্রেষ্টিতে ব্লক ভিত্তিক বার্ষিক্য কৃষক ভাতার শূন্য পদের সংখ্যা :-

ক্রমিক সংখ্যা	ব্লকের নাম	নিজভূমিতে চাষ করেন এমন কৃষক			বর্গাদার			ভূমিহীন কৃষক			মোট
		সাধারণ	তপশীলি ভুক্ত	আদিবাসী	সাধারণ	তপশীলি ভুক্ত	আদিবাসী	সাধারণ	তপশীলি ভুক্ত	আদিবাসী	
১	জলপাইগুড়ি সদর	৩	৬	১	১	১	০	৪	৮	২	২৬
২	রাজগঞ্জ	১	১	১	১	১	০	২	২	১	১০
৩	ময়নাগুড়ি	৩	৫	১	১	১	০	৪	৭	৩	২৫
৪	ধুপগুড়ি	০	০	০	০	০	০	১	২	০	৩
৫	মালবাজার	৩	৪	২	০	২	০	৪	৪	২	২১
৬	মাটিয়ালী	০	১	১	০	০	১	১	২	২	৮
৭	নাগরকটা	০	১	১	০	০	১	১	১	২	৭
মোট		১০	১৮	৭	৩	৫	২	১৭	২৬	১২	১০০

